# ২০২৬
# বাংলা
(মেজর-IV)
(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
চতুর্থ সেমেস্টার
কোর্স কোড : BNG-MJ-T-401
(মধ্যযুগের কাব্য ও কবিতা)
[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*
*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) পূর্বরাগের সংজ্ঞা দাও। 'না থাকিব তোমার ঘরে, অপযশ দেহ মোরে, মা হইয়া বলে ননীচোরা—কি বিষয়ক পদ এটি? মা কে? ননীচোরা-ই বা কে?

খ) শ্রীরামচন্দ্রের কোন পূর্বপুরুষকে রাবণ যুদ্ধে হত্যা করে? তিনি রাবণকে কী অভিশাপ দেন?

গ) শাক্ত পদাবলীর দুজন পদকর্তার নামোল্লেখ করো। তাঁরা কোন্ পর্যায়ে শ্রেষ্ঠ লেখো।

ঘ) 'যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়'—মৃত্যুঞ্জয় কে? এই উক্তিটি কার?

ঙ) লঙ্কাপুরী কারা প্রতিষ্ঠা করে?

*[পরের পাতায়]*

চ) কুম্ভকর্ণ ব্রহ্মার কাছে কী বর প্রার্থনা করে?

ছ) অন্নদামঙ্গল কাব্যের সূচনায় কবি সমকালীন কোন ঐতিহাসিক ঘটনার উল্লেখ করেন?

জ) 'ভারতচন্দ্রের অন্নদামঙ্গল গান রাজকণ্ঠের মণিমালার মতো'—কে, কোথায় এমন মন্তব্য করেছেন?

ঝ) চির চন্দন উরে হার না দেলা
সো অব নদী গিরি আঁতর ভেলা॥
—অর্থটি বুঝিয়ে দাও।

ঞ) 'যেয়ো না রজনী আজি লয়ে তারাদলে'—কবি কে? কোন পর্যায়ের পদ?

ট) ব্রজবুলি ভাষা কাকে বলে? এ ভাষার শ্রেষ্ঠ কবি কে?

ঠ) 'আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ'—এটি কী ধরনের পদ? সেই পদের দুটি বৈশিষ্ট্য লেখো।

ড) 'তুমি কি দোষে করিলে আমায়, ছ'টা কলার অনুগত।'—'ছ'টা কলু' বলতে কী বোঝানো হচ্ছে?

ঢ) 'স্বখাত সলিলে ডুবে মরি শ্যামা'—কার লেখা? 'স্বখাত সলিল', কী?

ণ) লবকুশ রামায়ণ গান কাদের শোনায়? কে তাদের এই গান শিখিয়েছেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) তোমার পাঠ্য জ্ঞানদাস রচিত পাঠ্য পদটির কাব্য সৌন্দর্য বর্ণনা করো।

খ) প্রার্থনা পর্যায়ের বৈশিষ্ট্য কী? তোমাদের পাঠ্য প্রার্থনা পদটির অসাধারণত্ব বিশ্লেষণ করো। ২+৩=৫



গ) অগস্ত্যমুনি শ্রীরামচন্দ্রকে গজকচ্ছপের যে কাহিনি বলেন, তা উল্লেখ করে তার তাৎপর্য লেখো।

ঘ) ব্যাখ্যা করো—
'খলের প্রধান যত, কে আছে তোমার মতো
আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ'

ঙ) অন্নদামঙ্গল কাব্যে 'হরগৌরীর কোন্দল' অংশটি নিজের ভাষায় লেখো।

চ) রাবণ ও যমরাজের যুদ্ধ বর্ণনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) তোমাদের পাঠ্য ভাবসম্মেলনের পদে বিদ্যাপতির কবিত্বের অনন্যতা ব্যাখ্যা করো।

খ) সীতার বনবাস যাত্রা অংশে কবি কৃত্তিবাস মহাকবি বাল্মীকিকে কতটা অনুসরণ করেছেন, তা বিস্তার করো।

গ) শাক্তপদ রচনায় কমলাকান্তের অভিনবত্ব যে যে বিষয়কে নির্ভর করে প্রতিষ্ঠিত হয়েছে তা আলোচনা করো।

ঘ) অন্নদামঙ্গল কাব্যে দেবতারা প্রকৃতপক্ষে ছদ্মবেশে মানুষ—এই বক্তব্যের সপক্ষে যুক্তি দাও।

---